# বাংলাদেশ কৃষি ব্যাংক
**প্রধান কার্যালয়**
**৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।**
**ক্রেডিট বিভাগ**

ফোন-৯৫৫০৪০৩, ই-মেইল dgmpid@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪১)/২০২০-২০২১/ ১১১৪(১২-০৫) তারিখঃ ০৪.১১.২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাসে (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্থ শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধা বর্ধিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরিত বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩, তারিখঃ ২৯/১০/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উপরোক্ত পত্র মূলে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ ও এতদ্‌সংশ্লিষ্ট সার্কুলার লেটারসমূহ এবং ০১ অক্টোবর ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো হয় যে, নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণ, শ্রমিক রীদের কাজে বহাল এবং উদ্যোক্তাদের প্রতিযোগিতার সক্ষমতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে স্বল্প সুদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে বিগত ০৫ এপ্রিল ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের নিমিত্ত ৩০ হাজার কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজ ঘোষণা করেন। পরবর্তীতে সচল রপ্তানীমূখী শিল্প-প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা প্রদানের নিমিত্ত ৩০ হাজার কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজ ৩ হাজার কোটি টাকা বৃদ্ধি করে ৩৩ হাজার কোটি টাকায় উন্নীত করা হয়। এক্ষণে, ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত আর্থিক সহায়তা প্যাকেজটি ৩৩ হাজার কোটি টাকা হতে বৃদ্ধি করে ৪০ হাজার কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

০৩। নভেল করোনা ভাইরাস (COVID-19) এর কারণে দেশীয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের পাশাপাশি সামগ্রিকভাবে দেশে কার্যরত বিদেশী মালিকানাধীন এবং যৌথ এবং মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহ ক্ষতিগ্রস্ত হওয়ায় এ সকল প্রতিষ্ঠানসমূহের আর্থিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে উৎপাদন ও কর্মসংস্থান অব্যাহত রাখার লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এ প্যাকেজের আওতায় বর্ধিত ৭(সাত) হাজার কোটি টাকা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ-তে অবস্থিত 'এ', 'বি' ও 'সি' টাইপ শিল্প প্রতিষ্ঠানসমূহের ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের জন্য প্রযোজ্য হবে। উক্ত ঋণ/বিনিয়োগের সুদের হার হবে ৯%, যার মধ্যে সরকার ৪.৫০% ভর্তুকি বাবদ প্রদান করবে। এক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০, বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০/২০২০ এবং এতদ্‌সংশ্লিষ্ট সার্কুলার লেটারসমূহের শর্তসমূহ অনুসরণীয় হবে।

০৪। আলোচ্য বর্ধিত সুবিধা হতে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংযোজনী ছক-ক অনুযায়ী তথ্য আগামী ৫ নভেম্বর ২০২০ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সফটকপিসহ (ইমেইল salauddin.tapadar@bb.org.bd এবং nazia.haque@)bb.org.bd) বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৬। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩, তারিখঃ ২৯/১০/২০২০ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো। এমতাবস্থায়, সার্কুলারের নির্দেশনা মোতাবেক যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৪/১১/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম )
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩) প্রক্রেবি-৩(৪১)/২০২০-২০২১/ ১১১৪(১২৮৪) তারিখঃ ০৪.১১.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

০৪/১১/২০২০

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক

ক্রেডিট বিভাগ-১
এজিএম ঃ
এস পি ও ঃ
পিও ঃ
..................উপ-মহাব্যবস্থাপক

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩

তারিখঃ ২৯ অক্টোবর ২০২০
১৩ কার্তিক ১৪২৭

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং- ৭১৫ তারিখ ০১/১১/২০২০
উমব্য,এইচআরএমডি-/ক্রেডিট/বাণিজ্য/
প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়
মহাব্যবস্থাপক

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

ক্রেডিট বিভাগ-১
ডায়েরী নং...
তারিখ...
স্বাক্ষর...

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধা বর্ধিতকরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮ ও এতদ্‌সংশ্লিষ্ট সার্কুলার লেটারসমূহ এবং ০১ অক্টোবর ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণ, শ্রমিক-কর্মচারীদের কাজে বহাল এবং উদ্যোক্তাদের প্রতিযোগিতার সক্ষমতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে স্বল্প সুদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে বিগত ০৫ এপ্রিল ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের নিমিত্ত ৩০ হাজার কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজ ঘোষণা করেন। পরবর্তীতে সচল রপ্তানীমুখী শিল্প-প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা প্রদানের নিমিত্ত ৩০ হাজার কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজ ৩ হাজার কোটি টাকা বৃদ্ধি করে ৩৩ হাজার কোটি টাকায় উন্নীত করা হয়। এক্ষণে, ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত আর্থিক সহায়তা প্যাকেজটি ৩৩ হাজার কোটি টাকা হতে বৃদ্ধি করে ৪০ হাজার কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

৩। নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর কারণে দেশীয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের পাশাপাশি সামগ্রিকভাবে দেশে কার্যরত বিদেশী মালিকানাধীন এবং যৌথ মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহ ক্ষতিগ্রস্ত হওয়ায় এ সকল প্রতিষ্ঠানসমূহের আর্থিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে উৎপাদন ও কর্মসংস্থান অব্যাহত রাখার লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এ প্যাকেজের আওতায় বর্ধিত ৭(সাত) হাজার কোটি টাকা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ-তে অবস্থিত 'এ', 'বি' ও 'সি' টাইপ শিল্প প্রতিষ্ঠানসমূহের ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের জন্য প্রযোজ্য হবে। উক্ত ঋণ/বিনিয়োগের সুদের হার হবে ৯%, যার মধ্যে সরকার ৪.৫০% ভর্তুকি বাবদ প্রদান করবে। এক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০, বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০/২০২০ এবং এতদ্‌সংশ্লিষ্ট সার্কুলার লেটারসমূহের শর্তসমূহ অনুসরণীয় হবে।

৪। আলোচ্য বর্ধিত সুবিধা হতে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংযোজনী ছক-ক অনুযায়ী তথ্য আগামী ৫ নভেম্বর ২০২০ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সফটকপিসহ (ইমেইল salauddin.tapadar@bb.org.bd এবং nazia.haque@)bb.org.bd) বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ২০৬৭ তারিখ ০১/১১/২০২০
ডিএমডি ...২
জিএম...
ডিজিএম...
ব্যবস্থাপনা পরিচালক

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং ...৫১৩ তারিখ ২/১১/২০
বিভাগ ক্রেডিট(প্রশা:)

ছক-ক

৩০/০৬/২০২০ তারিখ ভিত্তিক বেজা, বেপজা এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ-তে অবস্থিত 'এ', 'বি' ও 'সি' টাইপ শিল্প প্রতিষ্ঠানসমূহকে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদত্ত ঋণ/বিনিয়োগের স্থিতি এবং আলোচ্য প্রণোদনা প্যাকেজ হতে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের নিমিত্ত চাহিদার পরিমাণঃ

(কোটি টাকায়)

| ব্যাংকের নাম | ৩০/০৬/২০২০ তারিখ ভিত্তিক 'এ', 'বি' ও 'সি' টাইপ শিল্প প্রতিষ্ঠানসমূহকে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদত্ত ঋণ/বিনিয়োগের স্থিতি | আলোচ্য প্রণোদনা প্যাকেজ হতে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের নিমিত্ত চাহিদার পরিমাণ |
| --- | --- | --- |
| | | |